# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৯৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, কাতাদা এই হাদীসটি আনাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ করেননি, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن قَتَادَةَ لَمْ يَسْمَعْ هَذَا الْخَبَرَ مِنْ أَنَسٍ

আরবী

1796 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ أَبِي غَيْلَانَ الثَّقَفِيُّ وَالصُّوفِيُّ وَغَيْرُهُمَا قَالُوا: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ وَشَيْبَانُ عَنْ قَتَادَةَ قَالَ: سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكٍ قَالَ: صَلَّيْتُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِمْ فَلَمْ أَسْمَعْ أَحَدًا يَجْهَرْ بِبِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرحيم.
الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1796 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭৯৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আবূ বকর, উমার, উসমান রাদ্বিয়াল্লাহু আনহুম, তাঁদের পিছনে সালাত আদায় করেছি, আমি তাঁদের কাউকে ‘বিসমিল্লাহ’ জোরে বলতে শুনিনি।”[1]

ফুটনোট

[1]দারাকুতনী: ১/৩১৪; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২০২; আত তায়ালিসী: ১৯৭৫; সহীহ আল বুখারী: ৭৪৩; সহীহ মুসলিম: ৩৯৯; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৯২; নাসাঈ: ২/১৩৫; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৮৩; আবূ আওয়ানা: ১/১২২; সুনান বাইহাকী: ২/৫১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকাতুল হিসান : ১৭৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন